ওয়ান ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী "আর্থিক স্বাক্ষরতা দিবস" পালনে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। এই কর্মসূচীর উদ্দেশ্য ছিল ব্যাংকিং এর বাহিরে থাকা ব্যক্তিদের আর্থিক ব্যাপারে সচেতন করা। ব্যাংক তার শাখা এবং উপশাখার সাহায্যে এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে এইসব কর্মসূচী বাস্তবায়ন করেছে।

ওয়ান ব্যাংকের হেড অফিসের কর্মকর্তারা আর্থিক স্বাক্ষরতা বিষয়ক বিভিন্ন নির্দেশনা সকল শাখা, উপশাখা এবং এজেন্ট আউটলেটে প্রদান করে এবং ব্যাংকের শাখা, উপশাখা এবং এজেন্ট আউটলেটের ব্যক্তিবর্গ "আর্থিক স্বাক্ষরতা" বিষয়ক কর্মসূচীতে সর্ব সাধারণের নিকট আর্থিক অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করে।

ওয়ান ব্যাংক ইতিমদ্ধে "আর্থিক স্বাক্ষরতা দিবস" পালন করতে একাধিক কর্মসূচি পালন করেছে যার মধ্যে রয়েছে স্কুল ব্যাংকিং, উঠান বৈঠক এবং বাজার সমাবেশ। স্কুল ব্যাংকিং কর্মসূচীর উদ্দেশ্য হচ্ছে ছোটবেলা থেকেই বাচ্চাদের সঞ্চয় মনোভাব গড়ে তোলা এবং হিসাব-নিকাশ সম্পর্কে সচেতন করা। ওয়ান ব্যাংকের বিভিন্ন শাখার কর্মকর্তারা তাঁদের নিয়োজিত এজেন্ট ব্যাংকিং এর এজেন্টদের নিয়ে বিভিন্ন স্কুলে কর্মসূচী আয়োজন করে এবং ছোট বাচ্চাদের ক্লাসরুমে গিয়ে আর্থিক ব্যবস্থাপনা এবং সঞ্চয়ের উপকারিতা নিয়ে আলোচনা করে।

ব্যাংকের কর্মকর্তারা এজেন্টদের নিয়ে উঠান বৈঠকের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি বিষয়ক বিভিন্ন কর্মসূচী আয়োজন করেছে। উক্ত বৈঠকগুলোতে প্রত্যন্ত অঞ্চলের আর্থিক সুবিধা বঞ্চিত মানুষদের নিকট আর্থিক অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা এবং ব্যাংকে একটি হিসাব রাখার সুবিধার ব্যাপারে আলোকপাত করা হয়। উঠান বৈঠকের মাধ্যমে মানুষের মধ্যে আর্থিক সচেতনতার জ্ঞান এবং ব্যাংকের বিভিন্ন সেবা (সঞ্চয়ী হিসাব, চলতি হিসাব, ফিক্সড ডিপোজিট, ডিপিএস এবং লোন হিসাব) বিষয়ক বর্ণনা দেওয়া হয়।

গ্রামের হাট-বাজারে সর্বসাধারণ নিয়ে কোন বিষয়ে আলোচনা করাকে বাজার সমাবেশ বলে। আর্থিক সচেতনতা বৃদ্ধির লক্ষে ওয়ান ব্যাংক লিমিটেডের শাখার কর্মকর্তারা এজেন্টদের সাথে নিয়ে বিভিন্ন বাজারে কর্মসূচীর আয়োজন করে। এই ছাড়াও বিভিন্ন এজেন্ট এবং ব্যাংকের কর্মকর্তারা বাজারের বিভিন্ন দোকান ঘুরে-ঘুরে তাঁদের আর্থিক অন্তর্ভুক্তি বিষয়ক ধারণা প্রদান করে এবং ব্যাংকে হিসাব খোলার ব্যাপারে অনুরোধ করে। বাজারে সমাবেশে যে সব বিষয় নিয়ে আলোচনা করা হয়ঃ

- সঞ্চয়ের প্রয়োজনীয়তা এবং ঋণের যথাযথ ব্যবহার
- ব্যাংকের বিভিন্ন সেবা এবং হিসাবের বিবরণ যাতে করে তারা নিজেদের পছন্দমতো হিসাব বেঁছে নিতে পারে
- রিটেইলার্স হিসাবের গুরুত্ব
- ইন্টারনেট ব্যাংকিং এর গুরুত্ব এবং আরটিজিএস / এনপিএসবির মতো ফান্ড ট্রান্সফার সুবিধা নিয়ে ধারণা
- বিদেশ থেকে বৈধ মাধ্যমে অর্থ আনয়ন এবং দেশের অর্থনীতিতে এর ভূমিকা নিয়ে আলোচনা

আর্থিক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে ব্যাংকিং সুবিধা প্রাপ্তদের মধ্যে সচেতনতা সৃষ্টি এবং ব্যাংকিং সুবিধার বাহিরে থাকা জনগোষ্ঠীকে ব্যাংকিং অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে দেশকে এগিয়ে নেয়ার লক্ষ্যে ওয়ান ব্যাংক সারা বছর ধরে এই ধরনের কর্মসূচি আয়োজন করবে এবং অন্যান্য উপায়েও আর্থিক স্বাক্ষরতা বৃদ্ধিতে কাজ করবে।

# আর্থিক স্বাক্ষরতা বিষয়ক বিভিন্ন কর্মসূচীর ছবি






বিভিন্ন স্কুলে অনুষ্ঠিত হওয়া ব্যাংকের স্কুল ব্যাংকিং কার্যক্রমের কিছু ছবি





গ্রামের উঠানে সংগঠিত হওয়া আর্থিক সচেতনতা প্রোগ্রামের অংশবিশেষ






গ্রামের বাজারে সংগঠিত হওয়া আর্থিক সচেতনতা প্রোগ্রামের অংশবিশেষ